# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**10 MARCH 2025** **7:45—7:55 PM IST**

=====================================================

১) আসাম বিধানসভায় আজ অর্থমন্ত্রী অজন্তা নেওগের ২০২৫-২৬ অর্থ বছরের সাধারণ বাজেট উত্থাপন । এতে মোট ব্যায় ১ লক্ষ ৪১ হাজার ৫২৯ কোটি টাকা ধার্য ।

২) এই বাজেটে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের জন্য ১০৫ কোটি টাকা বরাদ্দ , পাথারকান্দিতে কৃষি মহাবিদ্যালয় স্থাপন , শিলচর মেডিকেল কলেজে রোবোটিক অস্ত্রপচারের ইউনিট স্থাপন সহ হাইলাকান্দিতে ভবিষ্যতে একটি মেডিকেল কলেজ স্থাপনের প্রস্তাব ।

৩) বজেট নিয়ে শাসক এবং বিরোধী দলের ভিন্ন প্রতিক্রিয়া । এই বাজেট রাজ্যের উন্নয়নের গতি তরান্বিত করবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য ।

এবং

৪) শ্রীভূমি জেলার আলেখারগুলের মৎস ব্যবসায়ী নজরুল হক আসাম গৌরব পুরষ্কারের জন্য মনোনীত ।

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভায় অর্থমন্ত্রী অজন্তা নেওগ আজ ২০২৫ - ২৬ অর্থ বছরের বাজেট উত্থাপন করেছেন । এতে , মোট ব্যায় ১ লক্ষ ৪১ হাজার ৫শো ২৯ কোটি টাকা ধার্য করা হয়েছে । এবারের বাজেটে রাজ্য সরকারের ধ্বজাবাহী প্রকল্প অরুণোদয়ের তৃতীয়

পর্যায়ের জন্য প্রায় ৫ হাজার কোটি টাকা ধার্য করা হয়েছে । অরুণোদয় প্রকল্পের হিতাধিকারীর সংখ্যা ১৮ লক্ষ থেকে পরবর্তী অর্থ বছরের শেষ পর্যন্ত ৩৭ দশমিক ২ লক্ষ পর্যন্ত বৃদ্ধি করা হবে বলে অর্থমন্ত্রী ঘোষণা করেন । বিধবা পেনশনের হিতাধীকারীর সংখ্যাও পূর্বের ২৮ লক্ষ থেকে ৩৭ লক্ষ ২০ হাজার পর্যন্ত বৃদ্ধি করা হবে । এই প্রকল্পের অধীনে প্রদান করে আসা অর্থ মাসিক ১ হাজার ২শো ৫০ টাকা পর্যন্ত বৃদ্ধি করা হবে বলেও তিনি ঘোষণা করেন ।

এবারের বাজেটে রেশন কার্ডের মাধ্যমে রাজ্যে বসবাসরত প্রত্যেকটি পরিবারকে মাসে ১ কিলোগ্রাম করে সরকারী সহায়তায় মশুর ডাল , চিনি এবং লবন সরবরাহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । মহিলা উদ্যোমিতা অভিযানের মাধ্যমে প্রত্যেক হিতাধিকারিকে ঋণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে বলে উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন যে এই প্রকল্প আগামী পয়লা এপ্রিল মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বিহালীতে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন । এছাড়াও , নিযুত মইনা প্রকল্পের মাধ্যমে লাভবান হওয়া ছাত্রীর সংখ্যা ৪ লক্ষ ২০ হাজার পর্যন্ত বৃদ্ধি পাবে বলে অর্থমন্ত্রী আজকের বাজেট ভাষণে উল্লেখ করেন । এবারের বাজেটে গোলাঘাটের পাণবারীতে ৫শো কোটি টাকা ব্যায় সাপেক্ষে একটি ইতিহাস সংগ্রহালয় নির্মানের প্রস্তাব দেওয়া হয়েছে ।

কোন ধরণের অতিরিক্ত কর আরোপ না করে ৬শো ২০ কোটি ২৭ লক্ষ টাকার ঘাটতি বাজেট বিধানসভায় দাখিল করে শ্রীমতী নেওয়োগ বলেন যে ২০২৩-২৪ অর্থ বছরে মোট রাজ্যিক ঘরুয়া উৎপাদন ১৯ শতাংশ এবং মাথাপিছু আয় ১৮ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে । এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণ আসামের প্রগতিতে বিশেষ ভূমিকা পালন করবে বলে উল্লেখ করে তিনি বলেন যে রাজ্যে স্থায়ী শান্তি স্থাপনের ক্ষেত্রে সরকার সফল হয়েছে । কেন্দ্রীয় সরকার থেকে আসাম ১৮ হাজার ৫শো কোটি টাকার সহায়তা লাভ করেছে বলে প্রকাশ করে অর্থমন্ত্রী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন । তিনি বলেন যে আসামে প্রতিদিন ১৩ কিলোমিটারের অধিক দৈর্ঘের পাকা সড়ক এবং প্রায় ১টি করে সেতু নির্মান করে পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে সরকার উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে । সফট পাওয়ারের ক্ষেত্রেও আসাম উদীয়মান রাজ্য হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে সমর্থ হয়েছে বলে অর্থমন্ত্রী চরাইদেউ মৈদামের ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যক্ষেত্র হিসেবে স্বিকৃতি লাভ করা , অসমীয়া ভাষার ধ্রুপদী ভাষার মর্যাদা এবং নিউয়র্ক টাইমসের ২০২৫ সালে সফরের জন্য নির্বাচিত ৫২টি স্থানের মধ্যে আসাম চতুর্থ স্থানে থাকার কথা উল্লেখ করেন । তিনি বলেন যে ৭০ লক্ষের অধিক পরিবারকে পরিবার পরিচয় পত্র প্রদান করে সরকার ২ কোটি ৪৫ লক্ষ ব্যাক্তিকে প্রধানমন্ত্রী গরীব কল্যাণ যোজনার অধীনে অর্ন্তভুক্ত করতে সমর্থ হয়েছে ।

উল্লেখ্য যে ১শো ৯ পৃষ্ঠার এই বাজেটই হচ্ছে ডক্টর হিমন্তবিশ্ব শর্মা নেতৃত্বাধীন বি জে পি সরকারের ৫ বছর কার্যকালের অন্তিম পূর্ণাঙ্গ বাজেট । বিকশিত আসামের লক্ষ্য পূরণের উদ্দেশ্যে কৃষক , দরিদ্র শ্রেণী , যুব প্রজন্ম এবং মহিলা সবলীকরণের মত বিষয়গুলির ওপরও এবারের বাজেটে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসামের প্রত্যেক জেলার আধার কেন্দ্র গুলিতে আধারকার্ড লাভ করার ব্যবস্থা রয়েছে এবং চলতি বছরের গত জানুয়ারী মাস পর্যন্ত রাজ্যে ৯৬ দশমিক ৯ - ৭ শতাংশ লোক আধারকার্ড লাভ করেছেন । বাজেট দাখিলের পূর্বে আজ বিধানসভায় বিধায়ক কমলাক্ষ দে পুরকায়েস্থের এই মর্মে উত্থাপিত এক প্রশ্নের উত্তরে রাজ্যের গৃহ বিভাগের দায়িত্বে থাকা মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এ কথা জানান । তিনি জানান যে আসামে বাংলাদেশীর সংখ্যা ২০২১ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত মোট ১৫৬ জনকে চিহ্নীত করা হয়েছে । নাগরিকত্ব সম্পর্কীত উত্থাপিত এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন যে বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

এবারের রাজ্য বাজেটে বরাক উপত্যকার তিন জেলার উন্নয়নের জন্য বেশকয়েকটি প্রস্তাব দেওয়া হয়েছে । এসবের মধ্যে বরাক উপত্যকার সামগ্রিক বিকাশ পর্যবেক্ষণের জন্য আসাম সরকারের নতুন করে গঠন করা প্রশাসনিক বিভাগ ‘বরাক উপত্যকা উন্নয়ন বিভাগে’র জন্য ১০৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রয়েছে । নীল বিপ্লবের লক্ষ্যে আত্মনির্ভরশীলতা গড়ে তোলার উদ্দেশ্যে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার আওতায় একশো কোটি টাকা বিনিয়োগের পরিকল্পনার অঙ্গ হিসেবে শ্রীভূমি জেলার শনবিলের উন্নয়নের প্রস্তাব এবারের বাজেটে রাখা হয়েছে। এর মাধ্যমে শনবিল অঞ্চলের এক লক্ষেরও বেশি মৎস্যজীবি সম্প্রদায়ের লোকজনের জীবিকা নির্বাহের পথ সুগম করার ক্ষেত্রে সহায়তা হবে বলে অর্থমন্ত্রী আশা প্রকাশ করেছেন । ‘আসাম মালা’র অধীনে ‘এক জেলা এক পথ’ এই প্রকল্পের অধীনে রাজ্যের প্রতিটি জেলায় ২৫ কিলোমিটার দীর্ঘ সড়ক নির্মাণের প্রস্তাব দেওয়া হয়েছে । একইসঙ্গে রাজ্যের শহরাঞ্চলের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে শিলচর শহরে একটি উড়াল সেতু নির্মাণের প্রস্তাবও এবারের বাজেটে রাখা হয়েছে । এবং এই সেতু নির্মাণের জন্য প্রথম পর্যায়ে সাতশো কোটি টাকা বরাদ্দ করার কথা বাজেটে বলা হয়েছে । এদিকে বরাক উপত্যকার লক্ষীপুর সহ রাজ্যে নবগঠিত সম-জেলাগুলিতে ১৭টি স্থায়ী কার্যালয় ভবন নির্মাণের প্রস্তাব রাখা হয়েছে । এরজন্যে ৩৩১ কোটি টাকার প্রস্তাব দেওয়া হয়েছে । এছাড়া শ্রীভূমি জেলার পাথারকান্দিতে একটি কৃষি মহাবিদ্যালয় স্থাপনের কথাও এই বাজেটে বলা হয়েছে।

এবং ভবিষ্যতে গ্রহণ করতে যাওয়া পদক্ষেপ হিসেবে হাইলাকান্দি সহ দরং ও হোজাইতে একটি করে নতুন মেডিকেল কলেজ স্থাপনের পরিকল্পনা রয়েছে । শিলচর মেডিকেল কলেজ এবং ডিব্রুগড়ের আসাম মেডিকেল কলেজে রোবোটিক অস্ত্রোপচার ইউনিট স্থাপনের প্রস্তাবও এই বাজেটে রয়েছে । গুরুত্বপূর্ণ শিল্প প্রকল্প চলতে থাকা রতন টাটা বৈদ্যুতিন শহর-জাগীরোডের মতো যোরহাট, শ্রীভূমি এবং হাইলাকান্দিতেও জনস্বাস্থ্য কারিগরি বিভাগ সবসময়ে পানীয়জল সরবরাহের জন্য উচ্চাকাঙ্খী পদক্ষেপ গ্রহণ করেছে । এবং বদরপুর ও লালা শহরে অনুরূপ প্রকল্পের সম্প্রসারণের পরিকল্পনা এবারের বাজেটে রাখা হয়েছে বলে শ্রীমতি নেওগ জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

আসাম বিধানসভায় আজ অর্থমন্ত্রী অজন্তা নেওগের দাখিল করা ২০২৫-২৬ অর্থবছরের বাজেট জনসাধারণের জীবনযাত্রা সহজ করে রাজ্যের উন্নয়নে নতুন গতি সঞ্চার করবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । আজ দাখিল করা বাজেট অনুসারে আসাম কম পরিমাণ ঋণ গ্রহণ দেশের পাঁচটি রাজ্যের তালিকায় অর্ন্তভুক্ত হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানান । তিনি বলেন যে- ২০১৫ সাল থেকে রাজ্যের মোট ঘরোয়া উৎপাদন জাতীয় পর্যায়ের মোট ঘরোয়া উৎপাদনের তুলনায় বৃদ্ধি পেয়েছে । মুখ্যমন্ত্রী একটি জনমুখী বাজেট উত্থাপন করার জন্য অর্থমন্ত্রীকে আন্তরিক অভিনন্দন জানান ।

বাইট

-------

এদিকে বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া এই বাজেট আশানুরূপ হয়নি বলে মন্তব্য করেছেন । তৃণমূল কংগ্রেসের নেতা রিপুণ বরা আজকের বাজেট আলঙ্কারিক এবং মিথ্যা প্রতিশ্রুতির সমাহার বলে অভিযোগ করেছেন ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার বদরপুর বিধানসভা কেন্দ্রের আলেখারগুল গ্রামের বাসিন্দা মৎস্য ব্যবসায়ী নজরুল হককে আসাম সরকার অসম গৌরব পুরষ্কারে সম্মানিত করার সিদ্ধান্ত নিয়েছে । আমাদের শ্রীভূমি জেলার সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে নজরুল হক অসম গৌরব পুরষ্কার প্রদানের জন্য রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মাকে ধন্যবাদ জানিয়েছেন । শ্রী হক বলেন যে তিনি ২০০১ সাল থেকে মৎস্য চাষের সঙ্গে যুক্ত রয়েছেন ।

--------------------------------------------------------------------------------

শিলচর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত সুধেন্দু পাল স্মৃতি ট্রফি ও প্রাইজমানি বি ডিভিশন লীগ কাম নক আউট ক্রিকেট প্রতিযোগীতার ফাইনলে উঠেছে বিজয়ী সংঘ । আজকের প্রথম সেমি-ফাইনাল খেলায় বিজয়ী সংঘ ১১২ রানে দেশবন্ধু স্পোর্টিং ক্লাবকে পরাজিত করে । জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের দ্বিতীয় সেমি-ফাইনাল খেলায় ক্লাসমেট ইউনিয়ন খেলবে সোনাই ক্রীড়া সংস্থার বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------